## RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. THIRD SEMESTER EXAMINATION, DECEMBER 2018**
**SECOND YEAR (BATCH 2017-20)**
**BENGALI (Honours)**
Paper : III

Date : 15/12/2018
Time : 11am - 3pm
Full Marks : 90

**বিভাগ 'ক' ও বিভাগ 'গ'-এর জন্য একই উত্তরপত্র এবং বিভাগ 'খ'-এর জন্য আলাদা উত্তরপত্রে লিখতে হবে।**

### বিভাগ - ক

১। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১০)
বাংলা নাটক সাহিত্যের ইতিহাসে দীনবন্ধু মিত্রের গুরুত্ব আলোচনা করো।
**অথবা**
রবীন্দ্রনাথের লেখা প্রথাগত এবং রূপক-সাংকেতিক নাটকগুলির বিশেষত্ব আলোচনা করো।

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১০)
ইতিহাসের সঙ্গে 'কৃষ্ণকুমারী নাটক'-এর যোগ কতখানি বিশ্লেষণ করো।
**অথবা**
'কৃষ্ণকুমারী নাটক'-এ প্রাচ্য ও পাশ্চাত্য সাহিত্যের প্রভাব কতখানি ঘটেছে আলোচনা করো।

৩। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ
বাংলা কাব্যসাহিত্যের ইতিহাসে কবি যতীন্দ্রনাথ সেনগুপ্ত-র বিশিষ্টতা আলোচনা করো। (১০)
**অথবা**
রবীন্দ্র পরবর্তী বাংলা কবিতায় সুকুমার রায়ের অবদান সম্পর্কে আলোচনা করো।

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১০)
ইউরোপীয় সাম্রাজ্যবাদী শক্তি কীভাবে তার আগ্রাসী থাবায় নামবিকতাকে বিনষ্ট করতে চেয়েছে, রবীন্দ্রনাথের 'আফ্রিকা' কবিতা অবলম্বনে তা ব্যাখ্যা করো।
**অথবা**
'যাহা ছিল নিয়ে গেল সোনার তরী'। — কী নিয়ে গিয়েছিল সোনার তরী? ব্যাখ্যা করো।

৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১০)
কালিদাস রায়ের 'ছাত্রধারা' কবিতাটির মধ্যে একই সঙ্গে প্রকাশিত হয়েছে স্মৃতিমেদুরতা এবং জীবন সত্য — আলোচনা করো।
**অথবা**
কাজী নজরুল ইসলাম তাঁর 'সব্যসাচী' কবিতায় পৌরাণিক প্রসঙ্গ যেভাবে ব্যবহার করেছেন তা আলোচনা করো।

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১০)
গীতিকবিতা কাকে বলে? প্রাচীন ও আধুনিক গীতিকবিতার পার্থক্য উদাহরণসহ আলোচনা করো।
**অথবা**
একটি করে উদাহরণের সাহায্যে 'লিমেরিক' ও 'ননসেন্স ভার্স' বিষয় দু'টি বুঝিয়ে দাও।

৭। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১০)
কমেডি-র সংজ্ঞা দাও। কমেডি-র উপাদান সম্পর্কে উদাহরণসহ সংক্ষিপ্ত আলোচনা করো।
**অথবা**
পৌরাণিক নাটকের বৈশিষ্ট্যগুলি কী? একটি সার্থক পৌরাণিক নাটকের উদাহরণ দিয়ে বিষয়টি আলোচনা করো।

## বিভাগ - গ

এক কথায় উত্তর লেখো ঃ (১ × ২০)

১। ‘বিষ্ণুপুর ঘরানা’-র ধ্রুপদ কে প্রবর্তন করেন?

২। কবিশেখর কালিদাস রায় করুণানিধান বন্দ্যোপাধ্যায়ের একটি কাব্য-চয়নিকা প্রকাশ করেছিলেন; সেটির নাম কী?

৩। ‘আবোল তাবোল’ বইটির তারিখসহ প্রকাশকাল লেখো।

৪। “বৃষ্টির চুম্বন বিথারি চলে যাও — অঙ্গে হর্ষের পড়ুক ধুম।” — ‘বিথারি’ শব্দের অর্থ কী?

৫। মন্দাক্রান্তা ছন্দানুসারে ‘যক্ষের নিবেদন’ কবিতাটির প্রথম পঙ্‌ক্তির দলসংখ্যা কত?

৬। কবি অক্ষয়কুমার বড়াল-এর প্রকাশিত চতুর্থ কাব্যগ্রন্থের নাম কী? কত সালে প্রকাশিত হয়েছিল?

৭। যতীন্দ্রনাথ সেনগুপ্ত-র ‘হাট’ কবিতাটি কোন পত্রিকার কোন সংখ্যায় প্রকাশিত হয়েছিল?

৮। যতীন্দ্রমোহন বাগচী-র প্রথম কাব্যসংকলনের নাম লেখো। প্রকাশকালের উল্লেখ করো।

৯। আরিস্ততল-এর ‘পোয়েটিকস্’ অনুসারে ট্রাজেডি-র পূর্বসূত্র কোন নাটকে ছিল?

১০। ‘হাইকু’-র দ্বিতীয় পঙ্‌ক্তিতে দল সংখ্যা কত থাকে?

১১। পাশ্চাত্যের কোন কবির কোন কাব্য অনুসরণে মধুসূদন ‘বীরাঙ্গনা কাব্য’ রচনা করেছিলেন?

১২। ‘বন্ধুবিয়োগ’ কাব্যগ্রন্থটি কার লেখা? কত সালে প্রকাশিত হয়েছিল?

১৩। প্রকাশকালসহ নবীনচন্দ্র সেন-এর ‘কাব্যত্রয়ী’-র অন্তর্ভুক্ত কাব্যগ্রন্থগুলির নাম উল্লেখ করো।

১৪। শরৎবাবুর শেষ গল্পের বইটি পড়েছিল সাধারণ মেয়ে। বইটির নাম কী? নায়িকার নাম কী?

১৫। রবীন্দ্রনাথের ‘জীবনদেবতা’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

১৬। ‘কৃষ্ণকুমারী নাটক’-এর বিলাসবতী এবং মদনিকা চরিত্রদুটিতে কোন সংস্কৃত নাটকের কোন দুটি চরিত্রের প্রভাব দেখা যায়?

১৭। ‘কৃষ্ণকুমারী নাটক’-এ উদয়পুরের রাজা ভীমসিংহের ভাইয়ের নাম কী? ইতিহাসে সেই রাজভ্রাতার কোন নাম পাওয়া যায়?

১৮। ‘কৃষ্ণকুমারী নাটক’-এ ছদ্মবেশী মদনিকা-র নাম কী ছিল? রাজকুমারী কৃষ্ণাকে সে নিজের কোন পরিচয় দিয়েছিল?

১৯। প্রকাশকালসহ মধুসূদন দত্ত-র প্রহসনদুটির নাম লেখো।

২০। রবীন্দ্রনাথ ঠাকুর-এর ‘শারদোৎসব’ এবং ‘রাজা’ নাটকের পরিবর্তিত রূপের নাম কী?

———— × ————

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. THIRD SEMESTER EXAMINATION, DECEMBER 2018**
**SECOND YEAR (BATCH 2017-20)**
**BENGALI (Honours)**
Paper : III

Date : 15/12/2018
Time : 11am – 11.30am
Full Marks : 10

Reg. No. : ______________________________ Admit Roll No. : ____________________

বিভাগ ‘খ’-এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ৩০ মিনিট। পরীক্ষা শুরুর ৩০ মিনিট পর পরীক্ষা পরিদর্শক ছাত্রদের কাছ থেকে বিভাগ ‘খ’-এর উত্তরপত্রটি সংগ্রহ করবেন ।

**<u>বিভাগ - খ</u>**

সঠিক উত্তরটির পাশে (✓) চিহ্ন বসাও ঃ (০.৫ × ২০)

১। সন্ধি বিচ্ছেদ করো ঃ—

ক) বনস্পতি

i) বনঃ + পতি ii) বন + পতি iii) বনঃ + স্পতি iv) বন + স্পতি

খ) গিরীশ

i) গিরি + ইশ ii) গিরী + ইশ iii) গিরি + ঈশ iv) গিরী + ঈশ

গ) নীরব

i) নীঃ + রব ii) নি + রব iii) নী + রব iv) নিঃ + রব

ঘ) দুরবস্থা

i) দুর + অবস্থা ii) দূর + অবস্থা iii) দুঃ + অবস্থা iv) দুঃ + আবস্থা

২। সন্ধি যুক্ত করো ঃ—

ক) বাক্ + ঈশ্বরী

i) বাগেশ্বরী ii) বাগীশ্বরী iii) বাগিশ্বরী iv) বাগেশ্বরি

খ) অতি + অধিক

i) অত্যধিক ii) অত্যাধিক iii) অত্যধীক iv) অত্যাধীক

গ) পশু + অধম

i) পশ্যধম ii) পশ্যাধম iii) পশ্বাধম iv) পশ্বধম

ঘ) মনঃ + রথ

i) মনরথ ii) মনোরথ iii) মনোঃরথ iv) মনঃরথ

৩। নিম্নলিখিত শব্দগুলিতে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে? ঃ—

ক) অভ্যুদয়

i) ই + ঊ ii) ঈ + উ iii) ই + উ iv) ঈ + ঊ

খ) হিতৈষী

i) অ + এ ii) আ + এ iii) অ + ঐ iv) আ + ঐ

গ) পরীক্ষা

i) ই + ই ii) ই + ঈ iii) ঈ + ই iv) ঈ + ঈ

৪। লিঙ্গান্তর কর ঃ—

ক) সন্ন্যাসী

i) সন্নাসিনী ii) সন্ন্যাসীনি iii) সন্ন্যাসীনী iv) সন্ন্যাসিনী

খ) আয়া

i) চাকর ii) কিঙ্কর iii) খানসামা iv) সেবক

গ) বিদ্বান

i) বিদূষী ii) বিদুষী iii) বিদুষি iv) বিদূষি

৫। নিম্নলিখিত শব্দগুলির বহুবচনের রূপ লেখো ঃ—

ক) মহিলা

i) মহিলাপুঞ্জ ii) মহিলামহল iii) মহিলারাজি iv) মহিলামালা

খ) পর্বত

i) পর্বতরাজি ii) পর্বতরাশি iii) পর্বতমালা iv) পর্বতবৃন্দ

গ) দ্বীপ

i) দ্বীপমালা ii) দ্বীপকুল iii) দ্বীপাবলি iv) দ্বীপপুঞ্জ

৬। পদান্তর কর ঃ—

ক) শরীর

i) শারিরীক ii) শারিরিক iii) শারীরিক iv) শারীরীক

খ) পরস্পর

i) পারস্পারিক ii) পরস্পারিক iii) পারস্পরীক iv) পারস্পরিক

গ) উপনিবেশ

i) উপনিবেশিক ii) ঔপনীবেশ iii) উপনীবেশিক iv) ঔপনিবেশিক

——— × ———